খেলা

বিদায় ভারতের মেয়েদের

হকি বিশ্বকাপ থেকে রবিবার রাতে বিদায় ভারতীয় মহিলা দলের। অস্ট্রেলিয়ার সঙ্গে ম্যাচ গোলশূন্য শেষ হয়। ৩ ম্যাচে মাত্র দুই পয়েন্ট নিয়ে দ্বিতীয় রাউন্ডের পুল থেকে বিদায় নিলেন ভারতের মেয়েরা। এই গ্রুপ থেকে সেমিফাইনালে উঠল অস্ট্রেলিয়া এবং নেদারল্যান্ডস।

Continued from previous page....

Category	FI'S/BANK'S	MF'S	IC'S	NBFC'S	AIF	FPC/FII	VCF	TOTAL
QIB	NIL	NIL	NIL	NIL	7200	44800	NIL	52000

5) **Allocation to Market Maker (After Technical Rejections):** The Basis of Allotment to Market Maker, who have bid at Issue price of 151 per equity share or above, was finalised in consultation with NSE. The category was subscribed by 1 time i.e., for215200Shares. Total number of shares allotted in this category is 215200 Equity Shares to1 successful applicant. The category wise details of the Basis of Allotment are as under:

Sr. No	No. of Shares applied for (Category wise)	Number of applications received	% to total	Total No. of Shares applied in each category	% to total	Proportionate shares available	Allocation per Applicant		Ration of allottees to applicants		Number of successful applicants (after rounding)	% to total	Total No. of shares allocated /alloted	% to total	Surplus/ Deficit (14)-(7)
							Before Rounding off (8)	After Rounding off (9)							
(1)	(2)	(3)	(4)	(5)	(6)	(7)			(10)		(12)	(13)	(14)	(15)	(16)
1	215200	1	100	215200	100	215200	215200	215200	1	1	1	100	215200	100	0
Grand Total		1	100	215200	100	215200					1	100	215200	100	0

The Board of Directors of the company at its meeting held on August 20, 2026, has approved the Basis of Allocation of Equity Shares as approved by the Designated Stock Exchange (NSE) and has authorised the corporate action for issue of Equity shares to various successful applicants. The CAN- cum-allotment advices and/or notices will forward to the Email Id's and address of the applicants as registered by the depositories/ as filed in the application form on or before Friday, August 21, ,2026. Further the instructions to SCSB's for unblocking the amount will process on or prior to Friday, August 21, 2026. In case the same is not received within 10 days, investors may contact at the address given below. The Equity Shares allocated to the successful applicants are being credited to their beneficiary accounts subject to validation of the account details within the depositories concerned. The company is taking steps to get the Equity Shares admitted for trading on the NSE Emerge within Four working days from the date of the closure of the issue.

Note: All capitalized terms used and not defined herein shall have the respective meanings assigned to them in the Prospectus dated August 20, 2026 ("Prospectus") filled with the Registrar of Companies, Kolkata.

ADDENDUM AND CORRIGENDUM

The no of shares to be locked-in in column XII on page 121 of the Prospectus dated August 20, 2026 for promoter and promoter group and public to be read as 1,02,48,070 with percentage of 99.46 for promoter and promoter group and 55,223 and percentage of 0.54 for public instead of 94,12,070 for promoter and promoter group and percentage of 91.35 accordingly the total of column XII to be read as 1,03,03,293 and percentage of 100 instead of 94,12,070 and percentage of 91.35

INVESTOR'S, PLEASE NOTE

The details of the allotment made would also be hosted on the website of Registrar to the Offer, Cameo Corporate Services Limited at www.cameoindia.com.

All future correspondence in this regard may kindly be addressed to the Registrar to the Offer quoting full name of the First/ Sole applicants, Serial number of the Application Form, number of Equity Shares applied for and Bank Branch where the application had been lodged and payment details at the address of the Registrar given below:

BOOK RUNNING LEAD MANAGER TO THE ISSUE

Affinity Global Capital Market Private Limited
20B, Abdul Hamid Street, East India House, 1st Floor, Room No. 1F, Kolkata – 700069, West Bengal, India
Telephone: +91 33 4004 7188
E - mail: compliance@affinityglobal.in
Investor Grievance ID: investor@affinityglobalcap.in
Website: www.affinityglobalcap.in
Contact Person: Ms. Shruti Bhalotia/ Mr Anandarup Ghoshal
SEBI Registration Number: INM000012838

REGISTRAR TO THE ISSUE

Cameo Corporate Services Limited
Subramanian Building" 1 Club House Road, Chennai- 600 002
Tel: +91 40 6716 2222
E-mail: priya@cameoindia.com
Investor Grievance e-mail: investor@cameoindia.com
Website: www.cameoindia.com
Contact Person: Mrs. K. Sreepriya
SEBI Registration No.: INR000003753

COMPANY SECRETARY AND COMPLIANCE OFFICER

Mrs. Ritika Sharma
Company Secretary & Compliance Officer
3/A Kutul Sahi Road, Barasat, Barasat North 24 Parganas, Barasat-1 West Bengal India Kolkata – 700124
Tel: +91 82403-01827
Email: compliance@fascinatetextile.in

Investors can contact the Company Secretary and Compliance Officer or the BRLM or the Registrar to the Issue in case of any pre issue or post-issue related problems, such as non-receipt of letters of Allotment, non-credit of Allotted Equity Shares in the respective beneficiary account and refund orders, etc.

AVAILABILITY OF PROSPECTUS: Investors are advised to refer to the Prospectus and the Risk Factors contained therein before applying in the Issue. Full copy of the Prospectus is available on the website of the SEBI at www.sebi.gov.in, website of the Company at www.fascinatetextile.com, the website of the BRLM to the Issue at: https://www.affinityglobalcap.in/ , the website of NSE Emerge at https://www.nseindia.com/companies-listing/corporate-filings-offer-documents, respectively.

AVAILABILITY OF BID-CUM-APPLICATION FORMS: Bid-Cum-Application forms can be obtained from the Registered Office of the Company: 3/A Kutul Sahi Road, Barasat, Barasat North 24 Parganas, Barasat-1 West Bengal India Kolkata – 700124 and the Registered Brokers, RTAs and CDPs participating in the Issue. Bid-cum-application Forms will also be available on the website of NSE EMERGE and the designated branches of SCSBs, the list of which is available at websites of the stock exchanges and SEBI.

APPLICATION SUPPORTED BY BLOCKED AMOUNT (ASBA): All investors in this issue have to compulsorily apply through ASBA. The investors are required to fill the ASBA form and submit the same to their banks. The SCSB will block the amount in the account as per the authority contained in ASBA form. On allotment, amount will be unblocked and account will be debited only to the extent required to be paid for allotment of shares. Hence, there will be no need of refund.

For more details on the offer proceeds and how to apply please refer to the details given in application forms and abridged prospectus and also please refer to the chapter "Offer Procedure" beginning on page 388 of the Prospectus.

BANKER TO THE OFFER: IndusInd Bank Limited

All capitalized terms used herein and not specifically defined shall have the same meaning as ascribed to them in the Prospectus.

For Fascinate Textiles Limited
Sd/-
Vishal Nahar
Managing Director
DIN: 00722516

Date: August 21, 2026
Place: Kolkata, West Bengal

THE LEVEL OF SUBSCRIPTION SHOULD NOT BE TAKEN TO BE INDICATIVE OF EITHER THE MARKET PRICE OF THE EQUITY SHARES ON LISTING OR THE BUSINESS PROSPECTS OF FASCINATE TEXTILES LIMITED.

Disclaimer: Fascinate Textiles Limited is proposing, subject to market conditions, public issue of its equity shares and has filed Prospectus with the Registrar of Companies, West Bengal. The Prospectus is available on the website of the SEBI at www.sebi.gov.in as well as on the website of the BRLM i.e., Affinity Global Capital Market Private Limited at www.affinityglobalcap.in, the website of the NSE Emerge at www.nseindia.com. Investors should note that investment in Equity Shares involves a high degree of risk and for details relating to same, see section titled "Risk Factors" beginning on page 47 of the Prospectus which has been filed with the ROC. The Equity Shares have not been and will not be registered under the U.S. Securities Act (the "Securities Act") or any state securities laws in the United States, and may not be offered or sold within the United States or to, or for the account or benefit of "U.S. persons" (as defined in the Regulations S under the Securities Act), except pursuant to an exemption from, or in a transaction not to subject to the registration requirements of the Securities Act of 1933.

দলীপে শতরান সুদীপদের

আজকালের প্রতিবেদন

রবিবার থেকে শুরু হল দলীপ ট্রফির পূর্বাঞ্চল বনাম উত্তর–পূর্বাঞ্চল ম্যাচ। যে ম্যাচে আকর্ষণের কেন্দ্রবিন্দু ছিল বৈভব সূর্যবংশী। সীমিত ওভারের ক্রিকেটে আইপিএল থেকে আন্তর্জাতিক মঞ্চ, সর্বত্র মাত করে দিয়েছে বৈভব। মাত্র ১৫ বছর বয়সে আন্তর্জাতিক ক্রিকেটে অভিষেক। ভেঙে দিয়েছে শচীন তেন্ডুলকারের রেকর্ড। ফলে লাল বলের ফরম্যাটে বৈভব কেমন করে, সেটাই ছিল দেখার। এবার তাকে পূর্বাঞ্চলের সহ–অধিনায়কও করা হয়েছে। অথচ, প্রথম ইনিংসে ব্যর্থ বৈভব। অনুরাগীদের হতাশ করে মাত্র ৮ রানে দ্বিতীয় ওভারেই সাজঘরে ফেরে।

টস জিতে পূর্বাঞ্চলকে ব্যাট করতে পাঠান বিপক্ষ অধিনায়ক রংসেন জনাথন। অভিমন্যু ঈশ্বরনের সঙ্গে ওপেন করতে স্বভাবসিদ্ধ আগ্রাসী মেজাজে শুরু করে বৈভব। কিন্তু দ্বিতীয় ওভারেই কন্থউজামের বলে লালথানখুমার হাতে ধরা দিয়ে সাজঘরে ফেরে। রান পাননি অভিমন্যুও। তিনি ফেরেন মাত্র ১৫ রান করে। সেখান থেকে পূর্বাঞ্চলের হাল ধরেন তাঁর বাংলা দলের সতীর্থ সুদীপ ঘরামি। ১৮৫ বলে ১৪৬ রানের ইনিংস এই বঙ্গসন্তানের। যা পূর্বাঞ্চলকে বড় রানের মঞ্চ গড়ে দেওয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা নেয়। যোগ্য সঙ্গত বাংলার আরেক ক্রিকেটার শাহবাজ আহমেদের। একসময় ১৩৮/৫ হয়ে গিয়েছিল পূর্বাঞ্চলের স্কোর। সেখান থেকে সুদীপ–শাহবাজ জুটি বোর্ডে দেড়শো রান যোগ করে। সুদীপ সাজঘরে ফেরার পর থেকে দলের দায়িত্ব কাঁধে তুলে নিয়েছেন শাহবাজ। প্রথম দিনের খেলা শেষে সেঞ্চুরি পূরণ করে ক্রিজে রয়েছেন। অভিমন্যু, সুদীপ, শাহবাজের পাশাপাশি এই ম্যাচে পূর্বাঞ্চল দলে বাংলার প্রতিনিধি মহম্মদ সামি ও মুকেশ কুমার।

সংক্ষিপ্ত স্কোর: পূর্বাঞ্চল: ৩৫৫/৬ (সুদীপ ১৪৬, শাহবাজ অপারিজত ১০০, কুশাগ্র ৫৫, পিজে সিং ৩/৫৩)

আবার পাড়িক্কলের শতরান

শতরানের পর সেলিব্রেশন দেবদত্ত পাড়িক্কলের। টেস্টে ফিরল জিদান–মাতেরাজ্জি স্মৃতি। অসিথাকে মাথা দিয়ে গুঁতো যশস্বীর। ছবি: পিটিআই

দেবাশিস দত্ত

গল থেকে কলম্বোয় এসেও শ্রীলঙ্কার ভাগ্যাকাশে কোনও রামধনু দেখা গেল না, অন্তত প্রথম দিনে। টসে হেরে শ্রীলঙ্কাকে বাধ্য হয়ে বোলিং করতে হল। এবং দিনের শেষে ভারতের রান দাঁড়াল ৫ উইকেটে ৩০০। ক্রিজে আছেন কুলদীপ যাদবের জায়গায় সুযোগ পাওয়া নবাগত সারাংশ জৈন (৪) এবং ধ্রুব জুরেল (৭)। খেলা হয়েছে ৮৫ ওভার। নতুন বল নিয়ে শেষবেলায় আরও একটি উইকেট তুলে নিয়েছেন অসিথা ফার্নান্ডেজ। সব মিলিয়ে তিনি পেয়েছেন ৩ উইকেট। প্রাণঢালা পরিশ্রম বলতে যা বোঝায়, তা অসিথা করে গেলেন হাসিমুখে। সারাদিন। এরই ফাঁকে আরও একটি শতরান তুলে নিলেন দেবদত্ত পাড়িক্কল। গলের পর, কলম্বোর সিংহলিজ স্পোর্টস ক্লাবের মাঠে। আপাতত তিন নম্বর জায়গাটা পাকা করে নিলেন তিনি। এবং পরপর দুটি সেঞ্চুরি করে আশঙ্কায় ফেলে দিলেন আরেক বাঁহাতি সাই সুদর্শনকে। চোট পাওয়া সাইয়ের জায়গায় সুযোগ পেয়ে পাড়িক্কল দুর্ধর্ষ ব্যাটিং করছেন। বলতে গেলে, চলতি সফরে ভারতীয় ব্যাটিংকে নির্ভরতা দিয়েছেন বেঙ্গালুরুর পাড়িক্কল।

পিচ রিপোর্ট করতে এসে সঞ্জয় মঞ্জরেকার বললেন, এসএসসি–র বাইশ গজে রয়েছে ৪ মিলিমিটার ঘাস। কিন্তু তা কার্পেটের মতো নয়, ইতস্তত ছড়ানো–ছিটোনো। তবে, গলের মতো নির্জীব ঘাস নয়, একেবারে তাজা। তাই, অনেকেই বুঝতে পারছিলেন না, সুবিধা হবে কাদের। জোরে বোলারদের, নাকি স্পিনারদের? তবে শ্রীলঙ্কা অধিনায়ক অষ্টম ওভারেই নিয়ে এসেছিলেন বাঁহাতি প্রভাতকে। যশস্বী ও রাহুল এতটাই সতর্ক ছিলেন যে, শুরুতে শ্রীলঙ্কার বোলাররা তেমন কিছু করতে পারছিলেন না। লাহিরু কুমারার বলে স্কোয়্যার কাট মারতে গিয়ে ব্যাটের কানায় লাগিয়ে প্যাভিলিয়নের পথ ধরলেন কেএল রাহুল (৩৩ বলে ১৮)। যশস্বী বোল্ড হলেন অসিথা ফার্নান্ডেজের হঠাৎ কাট করে ভেতরে আসা ডেলিভারিতে। আউট করার পর অসিথার সঙ্গে বাগ্‌বিতণ্ডায় জড়িয়ে পড়ে বিতর্কের সৃষ্টি হল। আউট হওয়ার পর কটু কথার প্লাবনে ভেসে গিয়ে নিজের ধৈর্য রাখতে না পেরে, ফিরে এসে জিদান যেভাবে মাতেরাজ্জিকে মাথা দিয়ে আঘাত করেছিলেন, জয়সওয়ালও হেলমেট পরা মাথা দিয়ে ধাক্কা মারেন অসিথাকে। অসিথাও মাথা দিয়ে পাল্টা ধাক্কা দেন। কড়া শাস্তি প্রাপ্য দু'জনেরই। গলে দুর্ভাগ্যজনক ভাবে রান আউট হওয়ার পর, এখানে বড় রান করার মঞ্চটা তৈরি করতে করতেই ফিরে যাওয়ায় সম্ভবত মেজাজ হারিয়েছিলেন যশস্বী। ক্রিকেট মাঠ শারীরিক সঙ্ঘর্ষের জায়গা নয়, এটা আর কবে ক্রিকেটাররা বুঝবেন?

শুভমান গিলও খেলছিলেন ভাল, কিন্তু অসিথার অফ স্টাম্পের বাইরের বলে ব্যাট চালিয়ে উইকেটরক্ষকের হাতে নিজেকে তুলে দিয়ে ফিরে গেলেন। ১০৮ বলে ৫০ রান করে ফিরলেন। উইকেট ছুড়ে দেওয়া বলতে যা বোঝায়। ঋষভ পন্থ আহত ও অবসৃত। ১৫ বলে ৩ রান করেছিলেন। অহেতুক সুইপ মারতে গিয়ে চলে যেতে হল মাঠের বাইরে। লাহিরু কুমারার জোরে বোলিং খেলতে গিয়ে মাটিতে শুয়ে পড়ে সুইপ মারতে গিয়েই চোট পেলেন। সেখানে পাড়িক্কল ছিলেন শান্ত, সংযত। আলগা বলের অপেক্ষায় থেকে ১২টি চার মেরেছেন। শেষ পর্যন্ত অফ স্পিনার নুয়ান্থাকে সামলাতে না পেরে বোল্ড হলেন। শূন্য রানে ক্যাচ দিয়ে বেঁচে যান উইকেটরক্ষক ডিকওয়েলার সৌজন্যে। শেষ পর্যন্ত ১১৭ রানের দামি ইনিংস। এমন ঘটনা ঘটেছিল ১৯৯০ সালে, লর্ডসে। কিরণ মোরে ক্যাচ ফেলে দিয়েছিলেন গ্রাহাম গুচের। শেষ পর্যন্ত তিনি ৩৩৩ রান করে অপরাজিত ছিলেন।

বড় ব্যাটারদের ক্যাচ শুরুতে ফেলে দিলে, কতটা দুর্ভোগ পোহাতে হয় তা কিরণ মোরের মতো শ্রীলঙ্কার ডিকওয়েলাও হাড়ে হাড়ে টের পাচ্ছেন।

স্কোরবোর্ড

ভারত প্রথম ইনিংস

যশস্বী ব ফার্নান্ডো	৪৫ (৫৩)
রাহুল ক ডিকওয়েলা ব লাহিরু	১৮ (৩৩)
পাড়িক্কল ব নুয়ান্থা	১১৭ (১৯৩)
শুভমান ক ডিকওয়েলা ব ফার্নান্ডো	৫০ (১০৮)
ঋষভ আহত ও অবসৃত	৩ (১৫)
জাদেজা ব ফার্নান্ডো	৪৩ (৮৩)
জুরেল অপরাজিত	৭ (২১)
সারাংশ অপরাজিত	৪ (৫)
অতিরিক্ত	১৩
মোট (৮৫ ওভারে, ৫ উইকেটে)	৩০০

■ উইকেট পতন : ১/৩৭, ২/৬৬, ৩/১৮৬, ৪/২৮১, ৫/২৯৬

■ বোলিং : ফার্নান্ডো ১৬–৫–৪৬–৩, লাহিরু ১৩–৪–৩৮–১, জয়সূর্য ২৭–৪–৯০–০, নুয়ান্থা ২২–০–৯৩–১, দিনুশা ১–০–২–০, ধনঞ্জয় ২–০–৮–০, কামিল ৪–০–১৬–০

কঠিন ম্যাচ হরমনদের

আজকালের প্রতিবেদন: পুরুষদের হকি বিশ্বকাপে আজ অত্যন্ত কঠিন ম্যাচে নামছে ভারতীয় দল। নেদারল্যান্ডসের আমস্টেলভিনে হরমনপ্রীত সিংদের প্রতিদ্বন্দ্বী শক্তিশালী আর্জেন্টিনা। শনিবার দ্বিতীয় রাউন্ডে গ্রুপের প্রথম ম্যাচে ১–৩ ব্যবধানে নেদারল্যান্ডসের কাছে হেরে বিশ্বকাপ থেকে কার্যত বিদায়ের মুখে হরমনপ্রীত ব্রিগেড। আজ ইংল্যান্ডকে ন্যূনতম তিন গোলে হারাতে হবে ডাচদের কাছে। আর সেমির আশা জিইয়ে রাখতে ভারতকে ন্যূনতম তিন গোলে জিততে হবে আর্জেন্টিনার বিরুদ্ধে, যা অত্যন্ত কঠিন কাজ। গত ফেব্রুয়ারিতে প্রো–লিগে আর্জেন্টিনা দু'বার (৮–০ এবং ৪–২) হারিয়েছিল ভারতীয় দলকে।

আজ
হকি বিশ্বকাপে
ভারত : আর্জেন্টিনা
(সন্ধে ৬–১৫)
স্টার স্পোর্টস

চুঁচুড়াতেও ফুটবল-জ্বর

মিল্টন সেন, হুগলি, ২৩ আগস্ট: ফুটবলের প্রতি ছোটদের উৎসাহী করে তুলতে অনুষ্ঠিত হল প্রীতি ম্যাচ। উদ্যোগে হুগলি ডিস্ট্রিক্ট ভেটারেন্স স্পোর্টস অ্যাসোসিয়েশন। খেললেন প্রাক্তন ফুটবলার স্বরূপ দাস, রহিম নবি, কৃষ্ণ গোপাল চৌধুরি, অনীত ঘোষ, হেমন্ত ডোরারা। খেলা দেখতে মাঠে উপচে পড়ল ভিড়। খেলা হল সুরজিৎ সেনগুপ্ত একাদশ এবং অশ্বিনী বরাট একাদশের মধ্যে। ফুটবলের টানে মাঠে নেমে পড়েন চুঁচুড়ার বিধায়ক সুবীর নাগও। পাশাপাশি সংবর্ধনা দেওয়া হল প্রাক্তন ফুটবলারদের। রবিবার ছিল ডুরান্ড ফাইনালে ডার্বির টানটান লড়াই। তার আগে চুঁচুড়ার মাঠও সাক্ষী থাকল টানটান উত্তেজনার।

ফর্ম 'জি'
কলকাতায় 'বিদ্যুৎ উৎপাদন' ক্ষেত্রে কারবার পরিচালনাকারী
রঙ্কিনী পাওয়ার জেনারেশন প্রাইভেট লিমিটেড
এর নিমিত্ত এক্সপ্রেশন অফ ইন্টারেস্ট আমন্ত্রণ
[ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপসি বোর্ড অফ ইন্ডিয়া (ইনসলভেন্সি রেজোলিউশন প্রসেস ফর কর্পোরেট পার্সনস) রেগুলেশনস, ২০১৬–এর রেগুলেশন ৩৬এ(১) অধীনে]

ক্রম	প্রয়োজনীয় তথ্যাবলি	
১	কর্পোরেট ঋণগ্রহীতার নাম, প্যান ও সিআইএন/ এলএলপি নম্বর	**সিডি:** রঙ্কিনী পাওয়ার জেনারেশন প্রাইভেট লিমিটেড প্যান নং: AABCR1630B **সিআইএন নং:** U40100WB1995PTC070451
২	রেজিস্টার্ড অফিসের ঠিকানা	**রেজিস্টার্ড অফিস:** রুম নং ৭০১, ফ্লোর নং ৭, সিডকো গ্লোবাল টাওয়ার, সিএন ৮/২, সেক্টর–৫, সল্ট লেক সিটি, কলকাতা–৭০০০৯১, পশ্চিমবঙ্গ, ভারত
৩	ওয়েবসাইটের ইউআরএল	**https://rankinipower.sumedhamanagement.com/**
৪	সিংহভাগ স্থায়ী পরিসম্পদ যেখানে অবস্থিত, সেই স্থানের বিশদ বিবরণ	এই কর্পোরেট ঋণগ্রহীতার অভিজিৎ এমএডিসি নাগপুর এনার্জি প্রাইভেট লিমিটেডে (এএমএনইপিএল) স্টেক রয়েছে, নাগপুরে যার ২৫.৬ মেগাওয়াট ডিজি সেট সমেত ২৪৬ মেগাওয়াট ক্ষমতার পাওয়ার প্লান্ট রয়েছে। অবশ্য, শুরুর তারিখ/ সিআইআরপি সূচনার দরখাস্ত ফাইলিংয়ের তারিখের পরে, এএমএএনইপিএল–এর শেয়ারহোল্ডিংয়ে কিছু ডাইলিউশন সঙ্ঘটিত হয়েছে, যা আইনি তদন্তের অধীন রয়েছে।
৫	মূল পণ্য/পরিষেবার ক্যাপাসিটি	উপলব্ধ নয়
৬	শেষ অর্থবর্ষে বিক্রিত মূল পণ্য/ পরিষেবার পরিমাণ এবং অর্থমূল্য	উপলব্ধ নয়
৭	কর্মী/ শ্রমিকের সংখ্যা	কোম্পানির মাত্র ১ জন কর্মী রয়েছে
৮	দুই বছরের আর্থিক বিবৃতি (তফসিল–সহ) সমেত ঋণদাতাদের বিশদ তথ্য যে ইউআরএলে পাওয়া যাবে	কর্পোরেট ঋণগ্রহীতা সম্পর্কিত বিশদ তথ্য বা অন্য কোনও অতিরিক্ত তথ্য এই ই–মেলে অনুরোধ জানিয়ে অন্তর্বর্তী রেজোলিউশন প্রফেশনাল/ রেজোলিউশন প্রফেশনালের থেকে সংগ্রহ করা যাবে: **ip.rankinipower@gmail.com**
৯	উক্ত কোডের ২৫(২)(এইচ) ধারাধীনে রেজোলিউশন আবেদনকারীদের যোগ্যতামান যে ইউআরএলে পাওয়া যাবে	এই তথ্যাবলি এই মেল আইডি–তে অনুরোধ জানিয়ে অন্তর্বর্তী রেজোলিউশন প্রফেশনাল/ রেজোলিউশন প্রফেশনালের থেকে সংগ্রহ করা যাবে: **ip.rankinipower@gmail.com**
১০	এক্সপ্রেশন অফ ইন্টারেস্ট গ্রহণের শেষ তারিখ	০৮.০৯.২০২৬
১১	সম্ভাব্য রেজোলিউশন আবেদনকারীদের প্রাথমিক তালিকা প্রকাশের তারিখ	১৮.০৯.২০২৬
১২	প্রভিশনাল তালিকার বিরুদ্ধে অভিযোগ পেশের শেষ তারিখ	২৩.০৯.২০২৬
১৩	সম্ভাব্য রেজোলিউশন আবেদনকারীদের চূড়ান্ত তালিকা প্রকাশের তারিখ	০৩.১০.২০২৬
১৪	সম্ভাব্য রেজোলিউশন আবেদনকারীদের জন্য ইনফরমেশন মেমোরান্ডাম, ইভ্যালুয়েশন ম্যাট্রিক্স ও রেজোলিউশন প্ল্যানের জন্য অনুরোধ	প্রকাশের তারিখ ০৮.১০.২০২৬ (যোগ্য পিআরএ–এর থেকে নন–ডিসক্লোজার এগ্রিমেন্ট প্রাপ্তি সাপেক্ষে)
১৫	রেজোলিউশন প্ল্যান জমার শেষ তারিখ	০৭.১১.২০২৬
১৬	ইওআই জমার প্রসেস ই–মেল আইডি	**ip.rankinipower@gmail.com**
১৭	এমএসএমই রূপে কর্পোরেট ঋণগ্রহীতার রেজিস্ট্রেশন স্ট্যাটাস সম্পর্কিত তথ্য	এই কর্পোরেট ঋণগ্রহীতা ক্ষুদ্র, ছোট ও মাঝারি উদ্যোগ মন্ত্রকে নিবন্ধিত নয়

তৎসহ, কর্পোরেট ঋণগ্রহীতার **https://rankinipower.sumedhamanagement.com/** ওয়েবসাইটে এক্সপ্রেশন অফ ইন্টারেস্ট (ইওআই) প্রসেস ডকুমেন্ট দেখুন অথবা প্রাসঙ্গিক তারিখ ও বিশদ এক্সপ্রেশন অফ ইন্টারেস্টের জন্য **ip.rankinipower@gmail.com** আইডি–তে ই–মেল পাঠাতে পারেন।

রঙ্কিনী পাওয়ার জেনারেশন প্রাইভেট –এর জন্য
বিজয় মুরমুরিয়া
রঙ্কিনী পাওয়ার জেনারেশন প্রাইভেট সম্পর্কিত বিষয়ক
অন্তর্বর্তী রেজোলিউশন প্রফেশনাল / ডিমড রেজোলিউশন প্রফেশনাল
রেজিস্ট্রেশন নম্বর: IBBI/IPA-001/IP-N00007/2026-17/10026
এএফএ ৩১.১২.২০২৬ অবধি বৈধ
আইবিবিআই–এর কাছে নিবন্ধিত ঠিকানা: ৬এ, গীতাঞ্জলি অ্যাপার্টমেন্ট, ৮বি, মিডলটন স্ট্রিট, কলকাতা–৭০০০৭১, পশ্চিমবঙ্গ
আইবিবিআই–এর কাছে নিবন্ধিত ই–মেল: bijay_murmuria@sumedhamanagement.com
প্রসেস নির্দিষ্ট ই–মেল: ip.rankinipower@gmail.com
ওয়েবসাইট: https://rankinipower.sumedhamanagement.com/

স্থান: কলকাতা
তারিখ: ২৪ আগস্ট, ২০২৬

দুরন্ত জয় সিটির, জিতল রিয়েলও

আজকালের প্রতিবেদন

পিছিয়ে পড়েও শেষ মুহূর্তের গোলে ইংলিশ প্রিমিয়ার লিগে দুরন্ত জয় ছিনিয়ে নিল ম্যাঞ্চেস্টার সিটি। বোর্নমাউথকে ২–১ ব্যবধানে হারাল নীল ম্যাঞ্চেস্টার। ৮৪ মিনিটে মার্ক গেহি সমতা ফেরান সিটির হয়ে। সংযুক্তি সময়ে ইয়োশকো গভারদিওল গোল করলে অফসাইডে তা বাতিল হয়ে যায়। কিন্তু রেফারি ভিএআর দেখে সিদ্ধান্ত পরিবর্তন করলে পুরো তিন পয়েন্ট নিশ্চিত করে সিটি। পেপ গুয়ারদিওলা সিটি ছাড়ার পর তাঁর সহকারী এঞ্জো মারেস্কা তিন বছরের চুক্তিতে কোচ হয়েছেন। জয় দিয়েই কেরিয়ার শুরু করলেন তিনি।

লা লিগায় এস্প্যানিওলকে ২–১ হারিয়ে এবারের অভিযান শুরু করল রিয়েল মাদ্রিদ। ৯ মিনিটেই রিয়েলকে এগিয়ে দেন জুড বেলিংহ্যাম। যদিও প্রথমার্ধ শেষ হওয়ার আগেই ম্যাচ ১–১ হয়ে যায়। ৩০ মিনিটে অ্যালেক্স কালাত্রাভার গোল চাপে ফেলে রিয়েলকে। ৯০ মিনিটে কার্লোস এসপি জয়সূচক গোলটি করেন রিয়েলের হয়ে। প্রত্যাবর্তনের পর রিয়েলের কোচ হিসেবে প্রথম ম্যাচ ছিল হোসে মোরিনহোর। তিনিও ফুল মার্কস নিয়ে পাশ করলেন প্রথম ম্যাচে।

অন্যদিকে, জার্মান সুপার কাপ ফাইনালে বরুসিয়া ডর্টমুন্ডকে ২–১ হারিয়ে চ্যাম্পিয়ন হল বায়ার্ন মিউনিখ। বায়ার্নের গোলদাতারা হলেন নাথানিয়েল ব্রাউন ও মাইকেল ওলিসে।

মেসিদের হার

আজকালের প্রতিবেদন: খারাপ সময় চলছে ইন্টার মায়ামির। আবার হারের মুখ দেখল তারা। শনিবার মেজর লিগ সকারের ম্যাচে ঘরের মাঠে ইন্টার মায়ামি ১–২ ব্যবধানে হেরেছে টরন্টোর কাছে। তিনটি গোলই দ্বিতীয়ার্ধে। ৫৯ ও ৬২ মিনিটে টরন্টোর গোল জোশ সারজেন্ট এবং ডেরিক এতিয়েন জুনিয়রের। ৮২ মিনিটে মায়ামির হয়ে লিওনেল মেসি ব্যবধান কমালেও দলের হার বাঁচাতে পারেননি।

দু'দিনেই শেষ বাংলাদেশ

আজকালের প্রতিবেদন

প্রথম টেস্টে হারের ধাক্কা সামলে দ্বিতীয় টেস্টে বাংলাদেশকে গুঁড়িয়ে দিল অস্ট্রেলিয়া। মাত্র দু'দিনেই টেস্ট জিতে সিরিজে সমতা ফেরাল তারা। প্যাট কামিন্সের দল জিতল ইনিংস ও ৫১ রানে। ম্যাকাইয়ে প্রথম দিনে প্রথম ইনিংসে বাংলাদেশ গুটিয়ে গিয়েছিল মাত্র ৬৪ রানে। দিনের শেষে অস্ট্রেলিয়ার রান ছিল ১৬৫/৮। রবিবার দ্বিতীয় দিনে অসিরা প্রথম ইনিংসে থেমে যায় ২১০ রানে। আগের দিন ৫১ রানে অপরাজিত থাকা ক্যামেরন গ্রিন এদিন ৬৭–তে প্যাভিলিয়নে ফেরেন। সঙ্গী নাথান লায়ন ১০ থেকে ৩২ রানে অপরাজিত থাকেন। প্রথম দিন ৬ উইকেট নেওয়া শরিফুল ইসলাম এদিন আরও একটি উইকেট নিলেন (৭/৪৮)।

দ্বিতীয় ইনিংসে ব্যাট করতে নেমেও বিপর্যয়ে পড়ে বাংলাদেশ। ধারাবাহিকভাবে উইকেট হারিয়ে শেষপর্যন্ত ৯৫ রানে থামে তারা। সর্বোচ্চ রান অধিনায়ক শান্তর (৩১)। প্রথম ইনিংসে ৬ উইকেট নেওয়া মিচেল স্টার্ক দ্বিতীয় ইনিংসে নিলেন ৪ উইকেট। মোট ১০ উইকেট নিয়ে তিনিই ম্যাচের সেরা। এছাড়া ৩টি করে উইকেট কামিন্স ও লায়নের।